



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১২/০৩/২০২২খ্রিঃ

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের পরশুরাম থানা পুলিশ কর্তৃক ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ  
১ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার



গত ১১-০৩-২০২২ খ্রি. সময় ২১.২০ ঘটিকায় রংপুর মেট্রোপলিটন পুলিশের সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (পরশুরাম জোন) মোঃ আরিফুজ্জামান মহোদয়ের দিক নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, অফিসার ইনচার্জ (পরশুরাম থানা) মোঃ রবিউল ইসলাম এর অপারেশন পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক (তদন্ত) আবু মুসা সরকার এর নেতৃত্বে এসআই (নিঃ) এস.এম. অনিক মাহমুদ, এসআই (নিঃ) মোঃ আলতাব হোসেন, এসআই (নিঃ) নন্দন কুমার দাস এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ, রংপুর মেট্রোপলিটন পুলিশের পরশুরাম থানাধীন চক্ৰিশ হাজারী গ্রামস্থ রংপুর টু লালমনিরহাট গামী পাকা রাস্তার শিব মন্দিরগামী লিংক রাস্তার মোড়ে অভিযান পরিচালনা করে বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ মোঃ সাগর মিয়া (২২), পিতা- মৃত আবু তালেব, মাতা- মোছাঃ রিনা বেগম, সাং-ডাকঘরপাড়া/নুরানীপুর, পোস্ট-ডাকঘরপাড়া, থানা-পলাশবাড়ী, জেলা-গাইবান্ধাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরশুরাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

১২.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১